গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ শাখা
Website:www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-১৬৭

তাং ০৯/০৩/১৪৩২ ব.
২৩/০৬/২০২৫ খ্রি.

**বিষয়ঃ যৌথ বাহিনী নির্দেশাবলী (Joint Services Instruction) এর আওতায় বেতন-ভাতা গ্রহণকারী এবং পেনশনভোগী ব্যক্তিবর্গকে 'বিশেষ সুবিধা' প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যৌথ বাহিনী নির্দেশাবলী (Joint Services Instruction)-এর আওতায় বেতন-ভাতা গ্রহণকারী এবং পেনশনভোগী ব্যক্তিবর্গ অর্থ বিভাগ হতে ০৩ জুন ২০২৫ তারিখে জারিকৃত ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-১৪৭ নম্বর প্রজ্ঞাপন এবং ২৩ জুন ২০২৫ তারিখে জারিকৃত নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-১৬৫ নম্বর প্রজ্ঞাপন অনুসরণে ০১ জুলাই ২০২৫ তারিখ হতে নিম্নরূপ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন:

ক) জেএসআই-১/২০১৬ অনুযায়ী (১) ওয়ারেন্ট অফিসার বা সমতুল্য পদবী হতে তদুর্ধ্ব পর্যায়ের সকল সদস্য ও 'ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তা'-গণ মূল বেতনের ১০% হারে এবং (২) জেএসআই-১/২০১৬-এর আওতায় সার্জেন্ট ও সমতুল্য পদবীর ও তদনিম্ন পর্যায়ের কর্মচারীবৃন্দ মূল বেতনের ১৫% হারে, তবে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার কম নয়।

(খ) পেনশন পুনঃস্থাপনকৃত কর্মচারীগণসহ সরকার হতে পেনশন গ্রহণকারী যেসকল পেনশনারের প্রাপ্য মাসিক পেনশনের পরিমাণ ১৭,৩৮৯/- টাকা ও তদূর্ধ্ব, তাঁরা ১০% হারে এবং যে সকল পেনশনারের প্রাপ্য মাসিক পেনশন ১৭,৩৮৮/- টাকা ও তদনিম্ন, তাঁরা ১৫% হারে, তবে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকার কম নয়।

২। অর্থ বিভাগের আদেশ নং ০৭.০০.০০০০.১৬১.৯৯.০১০.২৩-১৩৫, তারিখ: ১৮/০৭/২০২৩ এতদ্বারা বাতিল করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

২৩/০৬/২০২৫
(মোসাঃ শরীফুন্নেসা)
উপসচিব
ফোনঃ০২-৯৫১৪৪৮৭

সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

(১) মহা হিসাব -নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল ,ঢাকা।
(২) হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
(৩) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুন বাগিচা, ঢাকা।
(৪) মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ শাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-**১৬৫**

তারিখ: ০৯/০৩/১৪৩২ ব. / ২৩/৬/২০২৫ খ্রি.

**প্রজ্ঞাপন**

সরকারি চাকরি আইন, ২০১৮ এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় বেতনস্কেল এর আওতাভুক্ত সরকারি-বেসামরিক, স্ব-শাসিত এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, বর্ডার গার্ড বাংলাদেশ ও পুলিশ বাহিনীতে নিয়োজিত কর্মচারী এবং পুন:স্থাপনকৃত পেনশনারগণসহ পেনশনভোগী ব্যক্তিবর্গের জন্য ১ জুলাই ২০২৫ তারিখ হতে 'বিশেষ সুবিধা' প্রদান সংক্রান্ত অর্থ বিভাগের ০৩ জুন ২০২৫ তারিখের নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-১৪৭ নম্বর প্রজ্ঞাপনটি নিম্নরূপ সংশোধন করা হলো:

(ক) উক্ত প্রজ্ঞাপনের ১ম অনুচ্ছেদের "এ 'বিশেষ সুবিধা' চাকরিরতদের ক্ষেত্রে নূন্যতম ১,০০০ (এক হাজার) টাকা এবং পেনশন ভোগীদের ক্ষেত্রে নূন্যতম ৫০০ (পাঁচ শত) টাকা হারে প্রদেয় হবে।" শব্দগুচ্ছ নিম্নোক্ত শব্দগুচ্ছ দ্বারা প্রতিস্থাপিত হবে:

"এ 'বিশেষ সুবিধা' চাকরিরতদের ক্ষেত্রে নূন্যতম ১,৫০০ (এক হাজার পাঁচ শত) টাকা এবং পেনশনভোগীদের ক্ষেত্রে নূন্যতম ৭৫০ (সাত শত পঞ্চাশ) টাকা প্রদেয় হবে।";

(খ) উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ২-এর উপানুচ্ছেদ (গ) নিম্নোক্ত অনুচ্ছেদ দ্বারা প্রতিস্থাপিত হবে:

"(গ) পেনশন পুন:স্থাপনকৃত কর্মচারীগণসহ সরকার হতে পেনশন গ্রহণকারী কর্মচারীগণের ক্ষেত্রে যেসকল পেনশনারের প্রাপ্য মাসিক পেনশনের পরিমাণ ১৭,৩৮৯/- টাকা ও তদূর্ধ্ব, তাঁরা ১০% হারে এবং যে সকল পেনশনারের প্রাপ্য মাসিক পেনশন ১৭,৩৮৮/- টাকা ও তদনিম্ন, তাঁরা ১৫% হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন।"

২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং ০১ জুলাই ২০২৫ তারিখ হতে এটি কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৩/০৬/২০২৫
(দিলরুবা শাহীনা)
অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-**১৬৫**

তারিখ: ০৯/০৩/১৪৩২ ব. / ২৩/৬/২০২৫ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল , ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৩। সিনিয়র সচিব/সচিব--------------------------------------------------------মন্ত্রণালয়/বিভাগ (সকল) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৬। অতিরিক্ত সচিব ------------------------------------------ (সকল), অর্থ বিভাগ।

০৭। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।

০৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ ভবন, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৯। বিভাগীয় কমিশনার-------------------------------(সকল) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

১০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা --------------------------------------(সকল)।

১২। মাননীয় অর্থ এবং বিজ্ঞান ও প্রযুক্তি উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

১৫। অফিস কপি।

০৩/০৬/২০২৫

(মোসা: শরীফুন্নেসা)
উপসচিব
ফোন:০২৯৫১৪৪৮৭